সেন্ট জোসেফ'স্ এ স্বাগতম

সেন্ট জোসেফ'স্ অবস্থান হলো লোকজন যাতে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত, পুরোপুরি জীবন যাপন করতে পারে সে বিষয়ে সাহায্য করার জন্য। গত একশ বছরেরও বেশী সময় ধরে এটি জীবন উন্নত করে আসছে, ব্যথা-বেদনা সহজ করে আসছে এবং আরাম ও হাসি আনয়ন করছে।

সেন্ট জোসেফ'স্ এর ব্যাপক ধরনের সেবাগুলি পূর্ব এবং উত্তর-পূর্ব লন্ডনের বিভিন্ন কমিউনিটিরগুলির রোগী ও তাদের পরিবারদের জীবনের উন্নতি সাধন করে। সেন্ট জোসেফ'স্ সকলের জন্যই বর্তমান যারা এটি থেকে উপকার লাভ করতে পারবে; আমরা রোগীদের সকল চাহিদাগুলি পূরণ করার উপরে কাজ করে থাকি, যার ভিতরে অন্তর্ভুক্ত আছে ঐসব সেবাগুলি যেগুলি সংখ্যালঘু, সংস্কৃতি কিংবা ধর্মীয় উত্তরাধিকারের উপরে প্রতিফলন ঘটায়। সকল সেবাগুলি বিনামূল্যে প্রদান করা হয়। সেন্ট জোসেফ'স্ হলো একটা চ্যারিটি বা দাতব্য সংস্থা এবং এটি এর কাজ অব্যাহত রাখতে সমর্থ দানের জন্য সমর্থনকারীদের উদারতার উপরে নির্ভরশীল।

আমরা কারা?

সেন্ট জোসেফ'স্ লোকজন এবং পরিবারদের সমর্থন করে থাকে, কেবলমাত্র রোগী ও তাদের রোগের লক্ষণগুলিকে নয়।

সেন্ট জোসেফ'স্ এর বিশেষজ্ঞ ডাক্তার, নার্স, ফিজিওথেরাপিস্ট এবং অন্যান্যদের নিয়ে গঠিত দলটি ব্যথা-বেদনা নিয়ন্ত্রণ করতে এবং রোগের লক্ষণগুলির উপশম ঘটাতে সাহায্য করে ঐসব ক্ষেত্রে যাদের রোগ আর সারানো যাবে না। রোগীদের চিকিৎসা করা হয়ে থাকে তাদের নিজের বাড়িতে এবং মেয়ার স্ট্রীট হ্যাকনিতে অবস্থিত হস্‌পিচ্ এ। সেন্ট জোসেফ'স্ এ অবস্থিত রোগীরা ইউরোপের মধ্যে সবচেয়ে বেশী অত্যাধুনিক কিছু সুবিধাদি উপভোগ করে থাকে যেগুলি বিভিন্ন ধরনের কমিউনিটিগুলির বিভিন্ন ধরনের চাহিদাগুলি পূরণ করার উপযোগী করে তৈরী করা হয়েছে।

সেন্ট জোসেফ'স্ এর ব্যাপক ধরনের সেবাগুলি পূর্ব এবং উত্তর-পূর্ব লন্ডনের বিভিন্ন কমিউনিটিরগুলির রোগী ও তাদের পরিবারদের জীবনের উন্নতি সাধন করে। সেন্ট জোসেফ'স্ সকলের জন্যই বর্তমান যারা এটি থেকে উপকার লাভ করতে পারবে; আমরা রোগীদের সকল চাহিদাগুলি পূরণ করার উপরে কাজ করে থাকি, যার ভিতরে অন্তর্ভুক্ত আছে ঐসব সেবাগুলি যেগুলি সংখ্যালঘু, সংস্কৃতি কিংবা ধর্মীয় উত্তরাধিকারের উপরে প্রতিফলন ঘটায়।

সেন্ট জোসেফ'স্ এ প্রাপ্ত সেবা-যত্ন ও চিকিৎসা রোগীদের কর্মক্ষমভাবে সম্ভাব্য দীর্ঘ সময় ধরে বাঁচতে সাহায্য করে। চিকিৎসাগত সেবা যত্ন ছাড়াও এটি পুরো ব্যক্তিটিকে ব্যবহারিক, আবেগজনিত ও আধ্যাত্মিক সাহায্য প্রদান করার মধ্য দিয়ে সমর্থন জানিয়ে থাকে।

ডে' হস্‌পিচ্, সোশ্যাল ওয়ার্ক টীম, চ্যাপলেইন্সি (ধর্মীয় যাজক ব্যবস্থা), বিরীভমেন্ট (শোক) এবং চিল্‌ড্রেন'স্ বিরীভমেন্ট সার্ভিসেস্ এই সব সংস্থাগুলি ক্যান্সার রোগী এবং অন্যান্য জীবন সীমিত করার রোগে আক্রান্ত ব্যক্তি সেই সঙ্গে তাদের পরিবার ও কেয়ারারদের চাহিদাগুলি পূরণ করতে একত্রে কাজ করে থাকে।

সেন্ট জোসেফ'স্ ইজ্‌লিংটন, কেমডেন, এনফিল্ড, হ্যারিঙ্গে, হ্যাকনি এন্ড সিটি, টাওয়ার হ্যামলেটস্, নিউহাম, রেডব্রিজ এবং ওয়ালদাম ফরেস্ট বরোগুলির প্রায় ১.৫ মিলিয়ন লোকেদেরকে সেবা প্রদান করে থাকে।

আমাদের লক্ষ্য হলো:

প্রত্যেক ব্যক্তিকে অদ্বিতীয় হিসাবে দেখা, যাদেরকে আমরা কোন প্রভেদ ছাড়া মূল্য দিয়ে থাকি এবং যাদের সংস্কৃতি ও ধর্মীয় বিশ্বাসকে আমরা শ্রদ্ধা করি।

সকলকে তাদের পুরো ক্ষমতায় পৌঁছতে সমর্থ দান করা, তারা যা প্রদান করছে তার মূল্য দেওয়া, তাদের ইচ্ছা ও স্বাধীনতাকে শ্রদ্ধা জানানো এবং তাদের নিজস্ব সেবা-যত্নে অংশগ্রহণ করতে তাদেরকে উৎসাহিত করা।

রোগীদের যন্ত্রণা ও দুর্দশাগ্রস্থ অবস্থার মুখোমুখী হওয়া সেগুলি মানসিক, শারীরিক, সামাজিক কিংবা আধ্যাত্মিক যা-ই হোক না কেন।

রোগী এবং তাদের পরিবারবর্গের সাথে মত বিনিময় করার সময়ে খোলাখুলি মনোভাব এবং সততার বিষয়টিতে উৎসাহ প্রদান করা এবং রোগীদের গোপনতার প্রতি এবং প্রশ্ন করার ইচ্ছা কিংবা নীরব থাকার প্রতি শ্রদ্ধা জানানো।

আমাদের প্রধান প্রধান মূল্যগুলি হলো

মানুষকে মর্যাদা দান করা
প্রতিটি ব্যক্তিকে একজন ব্যক্তি হিসাবে গন্য করে সম্মান প্রদর্শন করার মাধ্যমে

সমবেদনা জানানো
সমর্থন প্রদান করার মাধ্যমে এবং একে অন্যকে বুঝার মাধ্যমে

ন্যায় পরায়ণতা
সততার সঙ্গে কাজ করার মধ্যমে, সকলের অধিকারগুলিকে সম্মান প্রদর্শন করার মাধ্যমে।

মান
সর্বদা আমাদের জ্ঞান ও সেবার মানগুলিকে উন্নত করার বিষয়টি খোঁজার মধ্যমে।

পক্ষ সমর্থন করা
এমন একটা কমিউনিটি তৈরী করার প্রচেষ্টা চালানো যার বৈশিষ্ট্য হবে সমতা ও সহযোগীতা।

সেন্ট জোসেফ'স্ এর ইতিহাস

১৯০০ সালের জুলাই মাসে পাচঁজন আইরিশ সন্যাসিনী ডাবলিন থেকে হ্যাকনি ভ্রমণ করেন লন্ডনের ঈস্ট এন্ড এ পরিপূর্ণ দরিদ্র ও অস্বস্থ লোকজনদের স্বখ-স্বাচ্ছন্দ্য ও সেবা-পরিচর্যা দান করার জন্য। সিস্টারগণ প্রতিষ্ঠাতাকারিণী, দি সিস্টার্স্ অফ চ্যারিটি, মেরি আইকেনহেড এর কথায় অনুপ্রাণিত হয়েছিলেন যিনি তার ইচ্ছা ব্যক্ত করেছিলেন এভাবে যে "দরিদ্রদের ভালোবাসা দেয়া হোক যা ধনীরা টাকা দিয়ে সংগ্রহ করে থাকে"।

সন্যাসিনীগণ তাদের কর্ম যাত্রা শুরু করেন হ্যাকনি এবং হক্সটনের পরিবারগুলিকে পরিদর্শন করা দিয়ে যাদের বসবাসের অবস্থা ছিলো প্রায়ই খুব খারাপ। সিস্টারগণ একটা জরুরি বাড়ির প্রয়োজনের বিষয়টিতে স্বীকৃতি দেন যেটিকে সঠিক যন্ত্রপাতি দিয়ে একটা হস্পিচ্ এ রূপান্তরিত করা যেতে পারে যেখানে রোগীরা সেবা-যত্ন এবং ভালো পারিপার্শ্বিকতা থেকে স্ববিধা লাভ করতে পারবে। ১৯০৩ সালে তাদেরকে হ্যাকনির মেয়ার স্ট্রীটে একটা বাড়ি দান করা হয় যেটি সেন্ট জোসেফ'স্ এর স্থান হিসাবে থেকে যায়।

এই দীর্ঘ ইতিহাসব্যাপী সেন্ট জোসেফস্ কখনই থেমে থাকেনি এবং সর্বদা সামনের দিকে দেখেছে, রোগীদের উপকারের জন্য এটির সেবাগুলি বর্ধিত ও উন্নত করেছে। ঈস্ট এন্ড বিকাশ লাভ করা অব্যাহত রেখেছে এবং সেই সঙ্গে হস্‌পিচ্‌টিও যেটি এটিকে সেবা দান করে থাকে।

সেন্ট জোসেফ'স্ এ কে কারা

ট্রাস্টিজ
এস আর ও'নেইল আর এস সি
এস আর জেসিনটা রোনাল্ড আর এস সি
এস আর পেট্রিশিয়া বাইরন আর এস সি
এস আর জেরালডিন ও'কোনর আর এস সি

মেনেজমেন্ট বোর্ড
মিস্ প্যাম হিবস্ (সভানেত্রী)
এস আর জেসিনটা বোল্যান্ড
মিজ্ টিসা ব্রুকস্
মি: রোনাল্ড এভারিংটন
মিস্ এলিসন ন্যাপ
ডাঃ ক্লেয়ার ফিলিপস্
মিঃ ডি জে রিগ্যান
ডাঃ ডেভিড স্লোয়েন

সিনিয়র মেনেজমেন্ট টীম
মিখাইল কেরিন, চীফ এক্সিকিউটীভ অফিসার
মিসেস মেরিনা ফিলিপস্, ডেপুটি চীফ এক্সিকিউটীভ অফিসার এবং ফাইন্যান্স ডিরেক্টর
ডাঃ হেদার রিচার্ডসন, কেয়ার ডিরেক্টর
ডাঃ পিটার কেয়ি, মেডিক্যাল ডিরেক্টর
মিসেস জেনিফার ক্যামেরুন, ডিরেক্টর অফ ফান্ড রেইজিং এন্ড কমিউনিকেশনস্
এস আর হিলারি থমসন, ডিরেক্টর অফ মিশন

সেন্ট জোসেফ'স্ হস্‌পিচ্ হলো একটি চ্যারিটি, রেজিস্ট্রেশন নম্বর ২৩১৩২৩, এবং এটি সিস্টার্স অফ চ্যারিটির তত্ত্বাবধানে আছে।

ভলান্টিয়ারস্

দেওয়া এবং গ্রহণ করা

ভলান্টিয়ার বা স্বেচ্ছাসেবীগণ হস্‌পিচ্ এ বিভিন্ন ধরনের কাজ করে থাকে; ওয়ার্ড এ, কফি শপ এ, ডে' হস্‌পিচ্ এ, প্রশাসনিক অফিসে এবং ফান্ড রেইজিং বিভাগে, সেই সঙ্গে বিরীভমেন্ট (শোক) অফিস এবং কমিউনিটির প্যালিয়েটীভ কেয়ার টীম এ। কিছু কিছু কাজ ব্যবহারিক, যেমন, জাম্বল সেল্, ফেটিস্ এবং বাজার এ সাহায্য করা। অন্যান্যগুলি আরও বেশী সমর্থন যোগ্য, এতে অন্তর্ভুক্ত আছে রোগী এবং আত্মীয় স্বজনদের সঙ্গে থাকা।

সকলেই সেন্ট জোসেফ'স্ এবং যাদেরকে আমরা দেখাশুনা করে থাকি তাদের সার্বিক জীবনে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভলান্টিয়ারদের সাহায্য সেন্ট জোসেফ'স্ এ প্রয়োজনীয় উদ্দীপনা সঞ্চার করে এবং আমরা তাদের উদারতা এবং ইচ্ছা ব্যতীত কোন কাজই সম্পন্ন করতে পারতাম না।

সেন্ট জোসেফ'স্ এ সর্বোর্চ্চ ১৭০ জন ভলান্টিয়ার আছে এবং প্রতি বছর আমরা আরও নিযুক্ত করি। যদি আপনার কিছু অবসর সময় থাকে এবং যদি নিয়মিত প্রতিশ্রুতি দিতে পারেন তাহলে আমরা আপনার কাছ থেকে শুনতে পেলে আনন্দিত হব।

ভলান্টারিং সম্পর্কে আলোচনা করা জন্য ই-মেইল r.lluch@stjh.org.uk অথবা ফোন 0208 525 6032

আসুন এবং আমাদের সঙ্গে সাক্ষাৎ করুন

সেন্ট জোসেফ'স্ এ আমরা ভিজিটরদের স্বাগতম জানাই। আমাদের কোর্টইয়ার্ড ক্যাফেতে কফি বা স্ন্যাকস্ এর জন্য সারাদিন ধরে আসার জন্য আমরা আপনাকে স্বাগত জানাই। যদি আপনি বিল্ডিং এর চারপাশ দেখতে চান অথবা আমাদের কিছু কর্মচারির সঙ্গে দেখা করতে চান, তাহলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

সেন্ট জোসেফ'স্ কে সমর্থন করুন

মেয়ারস্ট্রীট এর হস্‌পিচ্ এ এবংলোকজনদের তাদের নিজস্ব বাড়িতে, সেন্ট জোসেফ'স্ এর প্রদান করা অনেকগুলি সেবার সবগুলিই সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবাগুলির জন্য খরচ হয় প্রতি বছর ১২ মিলিয়ন পাউন্ড। স্থানীয় এন এইচ এস প্রাইম্যারি কেয়ার ট্রাস্ট প্রায় ৪০% সাহায্য করে কিন্তু বাকী ১২ মিলিয়নের অর্ধেকেরও বেশী উঠাতে হয় আমাদের দয়াশীল সমর্থকদের কাছ থেকে।

আপনি আমাদেরকে এখনই অনুদান দিয়ে সাহায্য করতে পারেন (অন লাইন ডোনেশন ফর্মের জন্য এখানে ক্লিক্ করুন)। অনুগ্রহ করে গিফট্ এইড বিভাগটি পূরণ করুন যেটি আমাদেরকে আপনার অনুদানের প্রতি পাউন্ড থেকে ২৮ পেন্স পুনরায় দাবী করতে সাহায্য করে যদি আপনি স্বাভাবিক বা উচ্চ হারে ট্যাক্স প্রদান করে থাকেন।

যোগাযোগ রাখা

আপনার নাম এবং যোগাযোগ করার বিস্তারিত বিবরণ পাঠানোর জন্য এখানে ক্লিক্ করুন যাতে করে আমরা সেন্ট জোসেফ'স্ এর সর্বশেষ খবরাখবর আপনার কাছে পাঠাতে পারি। ই-মেইল I.kiff@stjh.org.uk অথবা ফোন 020 8525 6042

সেন্ট জোসেফ'স্ এ কর্মসংস্থান বা চাকুরি

আমাদের ওয়েবসাইটের অন-লাইন রিক্রুটমেন্ট বিভাগে স্বাগতম। সেন্ট জোসেফ'স্ হল সবচেয়ে পুরাতন ও বড় হস্‌পিচ্গুলির মধ্যে একটি যেটির ২৫০ জন ফুল-টাইম ও পার্ট-টাইম কর্মচারি রয়েছে যারা আমাদের কাজের সকল দিকগুলিই সম্পন্ন করে থাকে। আমাদের স্টাফ এবং ভালান্টিয়ারগণ হলেন আমাদের সবচেয়ে বড় সম্পদ, এবং একজন দায়িত্বশীল নিয়োগকর্তা বা এম্প্লয়ার হিসাবে, আমরা তাদের কল্যাণ এবং কর্মন্নোতির উপরে বেশ জোর দিয়ে থাকি।

রোগীদের সেবাযত্নের ব্যাপারে আমাদের শুরু হলো পুরো ব্যক্তিটিকে রোগ চিকিৎসার জন্য বিবেচনা করা, সম্মান ও মর্যাদার সঙ্গে প্রত্যেক ব্যক্তিকে একজন স্বতন্ত্র ব্যক্তি হিসাবে দেখা। জীবনের সর্বশেষ সপ্তাহগুলিতে কারো দেখাশুনা করার বিষয়টি খুবই চাহিদাজনক হতে পারে; তবে মাঝে মাঝে বিষয়টি খুবই দুঃখজনকও হতে

পারে, কিন্তু সেন্ট জোসেফ’স্ এ কাজ করার ব্যাপারটি একদিকে যেমন পুরস্কারস্বরূপ আবার অন্যদিকে মানসিক উন্নতিও বয়ে আনে।

আমাদের কর্মচারির অনুপাত এন এইচ এস এর চেয়ে অনেক বেশী, এবং ব্যক্তিগত উন্নয়ণ ও প্রশিক্ষণের মাধ্যমে আমাদের স্টাফদের দক্ষতা এবং কর্ম বিষয়ক অগ্রগতির বিষয়টি উন্নত করতে আমরা খুবই আগ্রহী। আমাদের পে স্কেলটি সরাসরি এন এইচ এস এর পে স্কেল এর সাথে তুলনা করা যেতে পারে। আমরা উদার-প্রকৃতির পেন্‌শন্ ব্যবস্থা প্রদান করে থাকি যেগুলি পুরোপুরিভাবে স্টেকহোল্ডার অনুসরণ করে, এবং যেসব স্টাফরা এন এইচ এস স্থপার এনুয়েশন স্কীম এ রয়েছে তারা সেটি অব্যাহত রাখার সুযোগ পাবে।

আমাদের একটা ভালো স্টাফ সাপোর্ট নেটওয়ার্ক রয়েছে, যেটি দলগতভাবে কিংবা একক ভিত্তিতে উপদেশ, মধ্যস্থতা ও রিলাক্সেশন বা শিথিল হওয়া বিষয়ক সেশন, স্ট্রেচ মেনেইজমেন্ট (চাপ নিয়ন্ত্রণ) সেমিনার এবং বিনামূল্যে পরিপূরক থেরাপি সেশন প্রদান করে থাকে। এছাড়া আমরা কর্মস্থলের এলাকায় খুবই স্বল্প দামে বাসস্থানের ব্যবস্থা করে থাকি, সুদ মুক্ত ঋণ দিয়ে থাকি এবং অন্য অনেক সুবিধাদি প্রদান করে থাকি।

আমাদের খালিপদগুলি সম্পর্কে অনুসন্ধান করার জন্য অনুগ্রহ করে 0208 5256019 নম্বরে কল্ করুন।

আমাদের সঙ্গে যোগাযোগ করুন

ই-মেইল এর মাধ্যমে info@stjh.org.uk
টেলিফোনের মাধ্যমে 0208 5256000
ফ্যাক্সের মাধ্যমে 0208 533 0513

ডাকযোগে: St.Joseph’s Hospice, Mare Street, Hackney, London E8 4SA.

অবস্থিত ওয়েবসাইট থেকে ম্যাপ অন্তর্ভুক্ত করুন

বাস: নিম্নলিখিত বাসগুলি গেইট অতিক্রম করে **(২৬-৪৮-৫৫-১০৬-২৫৩ এবং ডি ৬)**

টিউব: সেন্ট্রাল লাইনে বেথনাল গ্রীন এবং তারপরে বাসে করে **(১০৬-২৫৩-ডি৬)** অথবা টিউব স্টেশন থেকে ১৫ মিনিট হেঁটে।
ডিস্ট্রিক্ট লাইন ধরে হোয়াইট চ্যাপেল এবং বাসে করে (২৫৩-১০৬) স্টেশনের বাহিরে থেকে।

রেল: সবচেয়ে নিকটবর্তী স্টেশন হলো **লন্ডন ফীল্ডস্** যেটি লিভারপুল স্ট্রীট, ওয়ালথামস্টো, চিংফোর্ড এবং তারও বাহিরে সংযোগ দিয়ে থাকে।

আমরা কি করি রোগী, তাদের পরিবার এবং কেয়ারারদের জন্য

আপনার এমন একটা রোগ নির্ণয় করা হয়েছে যেটি কোনদিনই আর ভালো হবে না এবং আপনার জীবন এখানেই সমাপ্ত হবে এ বিষয়টি জানার আঘাত কোন কিছু দিয়েই হাল্‌কা করা যেতে পারে না। তবে সেন্ট জোসেফ’স্ হস্‌পিচ্ আপনাকে এবং আপনার ঘনিষ্ঠ ব্যক্তিদের দুশ্চিন্তা এবং প্রতিদ্বন্দিতা যেগুলি আসতে পারে সেগুলি এঁটে উঠতে সাহায্য করতে পারে।

আমরা আপনাকে হস্‌পিচ্‌ এ সাহায্য করতে পারি।

“আমি এখানে আসতে বাধা দিয়েছিলাম। কেউই বাড়ি ছাড়তে চায় না তবে, এখানে স্থায়ী হওয়ার পরে, আমি বুঝতে পারলাম যে এটাই আমার জন্য একমাত্র উপায় ছিলো। আমার জন্য সবচেয়ে সুন্দর উপায়”। বললেন রন রিচার্ডস্‌, একজন প্রাক্তন রোগী।

যেসব লোকজনদের রোগ নির্ণয় সীমিত-জীবন হিসাবে করা হয়েছে তারা তাদের বিশেষজ্ঞ সেবাযত্ন এবং লক্ষণ উপশম করার জন্য সেন্ট জোসেফ’স্‌ এ আসেন। তাদেরকে হয় তাদের জিপি সুপারিশ করে থাকেন কিংবা আমাদের কমিউনিটি পেলিয়াটীভ কেয়ার টীম সুপারিশ করে থাকে যেটি লোকজনদের তাদের নিজস্ব বাড়িতে সমর্থন দিয়ে থাকে।

হস্‌পিচ্‌টির এক দল লোক রয়েছে, তাদের প্রত্যেকেই তাদের নিজস্ব ক্ষেত্রে বিশেষজ্ঞ, যেটি রোগীদের সকল চাহিদাগুলি পূরণ করার জন্য কাজ করে। সবচেয়ে সুস্পষ্ট প্রয়োজনগুলি হবে ব্যথা-বেদনা ও লক্ষণ নিয়ন্ত্রণ করা যেগুলি ডাক্তার ও নার্সিং স্টাফরা হাতে নিয়ে থাকেন কিন্তু দলটি পুরো লোকটির দেখাশুনা করে থাকে সুতরাং আমাদের ধর্মীয় যাজক, সোশ্যাল ওয়ার্কার, ফিজিও থেরাপিস্ট এবং বিকল্প থেরাপিস্ট অন্তর্ভুক্ত থাকে।

বিভিন্ন লোকের বিভিন্ন চাহিদা সুতরাং কেউ কেউ আসে কয়েকদিনের লক্ষণ নিয়ন্ত্রণ চিকিৎসার জন্য এবং তারপর বাড়ি চলে যায়। অন্যান্যরা আসে রেস্‌পাইট কেয়ার (সাময়িক বিরতি) এর জন্য যাতে করে তাদের কেয়াররা কিছুদিনের জন্য বিরতি পায়। কেউ কেউ জীবনের শেষ দিনগুলির জন্য আসে।

লন্ডন বরো অফ্‌ কেমডেন, ইজলিংটন, এনফিল্ড, হ্যাকনি এন্ড সেটি, টাওয়ার হ্যামলেটস্‌, নিউহাম, রেডব্রীজ এবং ওয়ালথাম ফরেস্ট থেকে লোকজন এবং কিছু বিশেষ পরিস্থিতিতে এই এলাকার বাহিরের লোকজন সেন্ট জোসেফ’স্‌ এ চিকিৎসা পেতে সমর্থ হয়।

ধর্মীয় যাজক ব্যবস্থার মধ্যে অন্তর্ভুক্ত আছে অনেক ধর্মীয় বিশ্বাসী দলগুলির প্রতিনিধি যারা আমাদের এলাকায় বাস করেন। সকল ধর্মীয় বিশ্বাসের লোকজন এবং ধর্মীয় অবিশ্বাসী লোকজন সমভাবে সেন্ট জোসেফ’স্‌ এ স্বাগতম। বিশেষ চাহিদা, ইচ্ছা এবং ডায়েট্‌ এর ব্যবস্থা করা হয়, যার ভিতরে অন্তর্ভুক্ত থাকে হালাল এবং কোশার।

সেন্ট জোসেফ’স্‌ এর সুন্দর চ্যাপেল এবং শান্ত ও নীরব প্রার্থনা কক্ষ সকল রোগী, তাদের পরিবার এবং কেয়ারারদের জন্য খোলা।

ডে হস্‌পিচ্‌ এ সমর্থন

“যখন আমাকে জিজ্ঞাসা করা হয়েছিলো আমি সেন্ট জোসেফস্‌ সেন্টারে যেতে চাই কিনা আমি একটু শঙ্কা পেয়ে গিয়াছিলাম, কিন্তু প্রথম দিনের পরে আমি ইতিমধ্যে পরবর্তী ভিজিটের কথা চিন্তা করছিলাম। ড্রাইভার জর্জ এবং এস্‌কর্ট জারমেইন আমাকে আমার বাড়ি থেকে উঠিয়ে নেন, উভয়েই আমাকে একটা বন্ধুত্বপূর্ণ হাসি দিয়ে সম্ভাষণ জানান।

ডে হস্‌পিচ্‌ এ, কেট্রিওনা আমাকে অন্যান্য রোগী, স্টাফ ও ভলান্টিয়ারদের সাথে পরিচয় করিয়ে দেন। আমরা চা ও টোস্ট খেলাম, একটু কথা বললাম এবং খবরের কাগজ পড়লাম সেই সঙ্গে করলাম কিছু ক্রসওয়ার্ডস যেগুলি আমরা দল হিসাবে করলাম, উত্তর খুঁজে বের করার সময়ে অনেক হাসিও হয়েছিলো। আমরা মাটি দিয়ে পাত্র তৈরীর কাজ করতে পারি কিংবা কেবল আরাম করতে পারি এবং নীরবে পেছন থেকে বেজে ওঠা জন এর পিয়ানো বাজনা শুনতে পারি।

আমি সব পরিপূরক থেরাপিগুলি চেষ্টা করেছিলাম; এরোমা থেরাপি, রিফ্লেক্সোলজি এবং আকুপাংচার। সেগুলি বেশ ভালো!

আমরা সুস্বাদু লাঞ্চ করে কখনও কখনও বিঙ্গো খেলতাম, আরাম করতাম কিংবা উপভোগ করার মত অন্য কিছু করতাম।

যদি কেউ খারাপ অনুভব করে তাহলে চিকিৎসাগত মনোযোগের ব্যবস্থা রয়েছে এবং সর্বদা সকল স্টাফদের কাছ থেকে সমর্থন থাকতো।

সে কারণে আমি সেন্টারে আমার দিনগুলি উপভোগ করতাম”।

সিটি এন্ড হ্যাকনি, টাওয়ার হ্যামলেটস্ কিংবা নিউহাম বরো থেকে রোগীদের সেবা-যত্নের সাথে জড়িত কোন পেশাদার ব্যক্তি ডে ’ হস্পিচ্ সেন্টারে সুপারিশ জানাতে পারে।

নিজের বাড়িতে লোকজনদের সেবা প্রদান করা

গুরুতর রোগের বেশীরভাগ লোকজনই বাড়িতে থাকার বিষয়টি পছন্দ করে যদি তারা পারে। সেন্ট জোসেফ’স্ এর কমিউনিটি পেলিয়াটীভ টীম ১৯৭৫ সালে প্রতিষ্ঠা করা হয়েছিলো যাতে করে, যখনই সম্ভব, লন্ডন বরো অফ সিটি এন্ড হ্যাকনি, টাওয়ার হ্যামলেটস্ এবং নিউহামের লোকজনদের তাদের বাড়িতে সেবা-যত্ন প্রদান করা যেতে পারে।

সেন্ট জোসেফ’স্ এর কমিউনিটি টীমে অন্তর্ভুক্ত আছে ক্লিনিক্যাল নার্স বিশেষজ্ঞ, ডাক্তার এবং সোশ্যাল ওয়ার্কার। আমরা আপনার জিপি এবং স্থানীয় সেবাগুলির সঙ্গে কাজ করে থাকি যেমন ডিস্ট্রিক্ট নার্স যাতে করে বাড়িতে আরামদায়কভাবে এবং ভালোভাবে বসবাস করতে সমর্থ হন।

যেকোন ব্যক্তি দলটির কাছে সুপারিশ করতে পারে। তবে, আমাদের দল জড়িত হয়ে সেবা দান করার আগে এটা অত্যাবশ্যক রোগীর জিপির কাছ থেকে অনুমতি নেওয়া। সুপারিশ পদ্ধতি সম্পর্কে আলোচনা করার জন্য 020 8525 6060 নম্বরে ফোন করুন।

কেবলমাত্র রোগকে নয়, পুরো ব্যক্তিটিকে সাহায্য করা

সেন্ট জোসেফ’স্ এর সোশ্যাল ওয়ার্কার ও যাজকগণ রোগী ও তাদের পরিবারদের সেবা-যত্নের ব্যাপারে একটা সক্রিয় অংশ গ্রহণ করেন। তারা ঐ দলগুলিরই সদস্য যেগুলির মধ্যে অন্তর্ভুক্ত আছে ডাক্তার, নার্স ও অন্যান্য থেরাপিস্ট এবং ঘনিষ্ঠভাবে রোগী এবং তাদের পরিবার ও কেয়ারারদের সঙ্গে কাজ করে যাতে করে তা সামাজিক ও আবেগজনিত চাহিদাগুলি পূরণ করা যায়। এর মধ্যে জড়িত থাকতে পারে হস্পিচ্ এ অবস্থিত অন্যান্য সেবাগুলি যেমন চিল্ড্রেন্স্ বিরীভমেন্ট সার্ভিস্ এবং বাহিরের সংস্থাগুলি যেমন সোশ্যাল সার্ভিসেস্। এটিতে প্রায়ই অন্তর্ভুক্ত থাকে রোগীদের উপদেষ্টা হিসাবে কাজ করা যাদের প্রয়োজনীয় অন্যান্য সেবাগুলিতে প্রবেশাধিকার লাভ করতে সাহায্যের দরকার হয়।

লোকজনদের কঠিন ও বেদনাযুক্ত বিষয়গুলি বলতে সাহায্য করে এবং নূতন পরিস্থিতিতে খাপ খেতে সাহায্য করে, আমরা সাহায্য করতে পারি, যার ভিতরে অন্তর্ভুক্ত আছে লিখিতভাবে উপদেশ, জীবনের মান উন্নত করার ব্যাপারে সম্পদাদির জন্য অন্যান্য ক্যান্সার চ্যারিটিগুলির সঙ্গে যোগাযোগ রক্ষা করা, লোকজনদের তাদের

কেয়ার পরিকল্পনা তৈরি করতে সাহায্য করা এবং যেসব লোকজনদের প্রথম ভাষা ইংরেজী নয় তাদেরকে সমর্থন দান করার জন্য উপদেষ্টাদের সঙ্গে কাজ করা।

আধ্যাত্মিক কেয়ার হলো আমাদের রোগীদের সঙ্গে একটা পরিভ্রমণ শেয়ার করা, তাদের আশা ও ভয়, স্বপ্ন, লক্ষ্য এবং ধর্মীয় বিশ্বাসে সমর্থন প্রদান করা। এ ব্যাপারে, আমাদের যাজক দল অন্যান্য পেশাদার সহকর্মীদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেন।

পরিবার ও কেয়ারারগণ প্রায়ই একটা ভারী বোঝা গ্রহণ করেন যখন তাদের প্রিয় ব্যক্তি অসুস্থ হয়ে পড়েন। সেন্ট জোসেফ'স্ এ আমরা চাপের বিষয়টি বুঝতে পারি এবং সেটি যতখানি সম্ভব লাঘব করার জন্য কাজ করি।

ধর্মীয় যাজক দল ও সোশ্যাল ওয়ার্কারগণ এখানে আবেগজনিত, আধ্যত্মিক কিংবা ব্যবহারিক সাহায্যের সকল ধাপেই সাহায্য করার জন্য বর্তমান আছেন।

হস্‌পিচ্ এ আরামবোধ করা

আমরা চাই আপনি ও আপনার প্রিয় ব্যক্তি হস্‌পিচ্ এ আরামবোধ করেন, সুতরাং যখন আপনার একজন পরিবারের সদস্য কিংবা ঘনিষ্ঠ বন্ধু এখানকার একজন রোগী হন, আপনি যে কোন সময়ে ভিজিট করতে পারেন। স্পষ্টভাবে, বেশীরভাগ লোকেদের ভিজিট করার জন্য উত্তম সময় হলো দিনের বেলা এবং সন্ধ্যার প্রথম দিকে এবং এ সময়ে আমাদের নিয়ন্ত্রণ করতে সবচেয়ে সহজ হয়। তবে, আমরা এটাও বুঝি যে যারা খুব দীর্ঘ সময় ধরে কাজ করেন, কিংবা শিফ্‌ট্ এ কাজ করেন কিংবা যাদের বাচ্চার সেবাযত্ন করার জন্য কেয়ারার পেতে অসুবিধা হয়, তাদের সকলেই এই সময়ের বাহিরে ভিজিট করার বিষয়টি পছন্দ করতে পারেন এবং আমরা সর্বদা তা পূরণ করার জন্য যথাসাধ্য চেষ্টা করবো।

বিশেষ পরিস্থিতিতে আপনি সারা রাত রোগীর সাথে থাকতে ইচ্ছা প্রকাশ করতে পারেন। ওয়ার্ডগুলির প্রত্যেকেটিতে সিঙ্গেল রুম রয়েছে যেখানে তা সম্ভব হতে পারে তবে স্পষ্টভাবে যদি বিভিন্ন পরিবার রুমটি ব্যবহার করতে ইচ্ছা প্রকাশ করে তাহলে সকলকে স্থান দেয়া সম্ভব হবে না। মাঝে মধ্যে একজন খুব ঘনিষ্ট আত্মীয় রোগীর সঙ্গে একই রুমে সারা রাত থাকতে পারেন। এ ব্যাপারে দায়িত্বে রত নার্স প্রয়োজনীয় ও উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

হচ্‌পিচ্ এর একটা ডাইনিং রুম রয়েছে যেটি ভিজিটরগণের ব্যবহার করার বিষয়ে আমরা স্বাগত জানাই এবং কোর্ট ইয়ার্ড ক্যাফেটি স্ন্যাকস্ এর জন্য সারাদিন ব্যাপী খোলা থাকে। যখন কোর্ট ইয়ার্ড ক্যাফে বন্ধ তাকে তখন সেখানে একটা কিচেন রয়েছে যেটি ভিজিটরগণ ব্যবহার করতে পারেন।

সাহায্য, উপদেশ কিংবা পুনরায় নিশ্চয়তা পাওয়া

সেন্ট জোসেফ'স্ এর ধর্মীয় যাজক দল এবং সোশ্যাল ওয়ার্কারগণ পরিবার এবং সেই সঙ্গে যারা সেবা গ্রহণ করছেন তাদের জন্য এখানে বর্তমান রয়েছেন। আধ্যাত্মিক সাহায্য প্রদান করার জন্য ধর্মীয় যাজক দল অনেক ধর্মীয় বিশ্বাসের প্রতিনিধিদের সঙ্গে দেখা করতে পারেন এবং তারা ধর্মীয় অবিশ্বাসী লোকজনদের জন্যও সমানভাবে বর্তমান রয়েছেন।

সোশ্যাল ওয়ার্কারগণ আপনার পরিস্থিতি শুনতে এবং আপনার কঠিন পরিস্থিতি সম্পর্কে কথা বলতে আগ্রহী। তারা অনেক ব্যবহারিক দুশ্চিন্তাগুলির ব্যাপারে সাহায্য করতে পারেন এবং সেই সঙ্গে উপদেশ প্রদান করতে পারেন যদি সেটি আপনার জন্য সহায়ক হয়।

শোক কাটিয়ে উঠা

শোকের পরে, কিছু কিছু লোক তাদের অনুভূতি সম্পর্কে কথা বলতে কষ্টসাধ্য মনে করতে পারেন, বিশেষভাবে পরিবার ও বন্ধুদের কাছে। তবে, বেদনাযুক্ত অনুভূতিগুলি এমন কারো সঙ্গে শেয়ার করলে যারা সেবা যত্ন দিয়ে থাকেন তাদের জন্য সহায়ক হতে পারে। আমরা শোকাভিভূত লোকজনদের গোপনে তাদের হারানো ব্যক্তিদের বিষয়ে এবং তারা যে বেদনাযুক্ত পরিবর্তনের মুখোমুখি হবেন সেগুলি সম্পর্কে একজন উপদেষ্টা কিংবা প্রশিক্ষণপ্রাপ্ত ভলান্টিয়ারের সঙ্গে কথা বলার সুযোগ দিতে সমর্থ। এতে প্রায়ই লোকজন নিজেদেরকে অল্প পৃথক, আরও সমর্থন পাচ্ছেন হিসাবে, এবং পুনরায় নিশ্চয়তা অর্জন করার সুযোগ পান এবং তাদের বেদনাপূর্ণ অভিজ্ঞতার অর্থ বুঝে উঠেন। আমরা এক এক ভিত্তিতে উপদেশ প্রদান করতে, মাসিক সমর্থন দল কিংবা অলিখিতভাবে হস্‌পিচ্‌ এ কিংবা বাড়িতে সেবা প্রদান করা, আত্মীয় কিংবা বন্ধুবান্ধবদের সঙ্গে জড় হওয়ার বিষয়টি আয়োজন করতে সমর্থ। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে শোকাভিভূত বাচ্চা এবং এডাল্ট যাদেরকে সেবা প্রদান করা হয় (কাইটস্‌ এর সাথে সম্পর্কযুক্ত)।

কোন শোকের ঘটনা ঘটার পরেই আমরা যেকোন সময়ে লোকজনদের সাথে দেখা করতে পারলে সুখী হবো এবং প্রায়ই কার্য দিবসের সময়ে দিনের বেলা কিংবা সন্ধ্যায় এপয়েন্টমেন্ট প্রদান করতে পারি।

কি ধরনের সমর্থন রয়েছে সে সম্পর্কে যদি আপনি কারো সাথে কথা বলতে চান তাহলে অনুগ্রহ করে 020 8525 6031 নম্বরে ফোন করুন কিংবা info @stjh.org.uk ঠিকানায় ই-মেইল পাঠান।

বাচ্চা ও কম বয়স্ক ব্যক্তিদের জন্য বিশেষ সাহায্য

সেন্ট জোসেফ'স্‌ এ কাইটস্‌ হলো একটা ছোট দল, যেটি একজন আর্ট ফিজিওথেরাপিস্ট, একজন প্রশাসক এবং ৮ জন ভলান্টিয়ার থেরাপিস্ট নিয়ে গঠিত যারা ৩ বছর বয়স্ক বাচ্চা থেকে শুরু করে কম বয়স্ক ব্যক্তিদের সঙ্গে কাজ করে থাকেন। আমরা কম বয়স্ক লোকজন ও তাদের মাতাপিতাদের সঙ্গে কাজ করি এবং যারা কম বয়স্ক লোকজনদের সাথে কাজ করেন তাদের জন্য ট্রেনিং কোর্স পরিচালনা করে যাতে করে শোক বিষয়ক বিষয়গুলির উপরে বিশ্বাস জাগানো যায়। আমরা হচ্‌পিচ্‌ এ পরিবারদের সাহায্য করে থাকি এবং হ্যাকনি, নিউহাম ও টাওয়ার হ্যামলেটস্‌ এর কমিউনিটিতে সাহায্য করে থাকি যাতে করে কেউ মারা গেলে এবং যখন বাড়িতে বিষয়গুলি কষ্টকর হয় সে পরিস্থিতিতে একে অন্যের সাথে মত বিনিময়ে সাহায্য করা যায়।

অনুগ্রহ করে সাহায্যের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন g.langley@stjh.org.uk অথবা 020 85256091 নম্বরে ফোন করুন।

সংযোগ

অন্যান্য সংস্থা যেগুলি থেকে আপনি সহায়তা পেতে পারেন:

www.helpthehospices.org.uk
www.macmillan.org.uk
www.maricurie.org.uk
www.hospiceinformation.info